ভোরের কাগজ

8 FEB 2003

# শিক্ষার হার বাড়াতে গণশিক্ষার প্রসার অপরিহার্য

কাগজ প্রতিবেদক : বাংলা একাডেমী প্রাঙ্গণে অনুষ্ঠিত সেমিনারে আলোচকরা বলেছেন, দেশের সার্বিক শিক্ষার হার বাড়াতে হলে গণশিক্ষা ও সাক্ষরতার প্রসার অপরিহার্য। তারা গণশিক্ষা ও সাক্ষরতার গতানুগতিক ধ্যান-ধারণা পাল্টানোর ওপর জোর দেন। তারা বলেন, সংশ্লিষ্ট বিষয়গুলোর সঙ্গে আধুনিক তথ্য প্রযুক্তি ও

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## শিক্ষার হার বাড়াতে

● প্রথম পাতার পর

ব্যবহারিক প্রয়োগের সম্পৃক্ততার প্রয়োজন।

অন্যদিকে আজ শনিবার থেকেই রাজধানীতে শুরু হচ্ছে সম্মিলিত সাংস্কৃতিক জোটের ১১ দিনব্যাপী অমর একুশের অনুষ্ঠানমালা। বিকাল ৪টায় কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠানের উদ্বোধন করবেন জোটের প্রতিষ্ঠাতা সভাপতি ফয়েজ আহমেদ।

বাংলা একাডেমী প্রাঙ্গণে অনুষ্ঠিত সেমিনারে গতকাল শুক্রবার 'বাংলাদেশে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন : গণশিক্ষা ও সাক্ষরতার প্রসার' শীর্ষক মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক হোসনে আরা বেগম। অধ্যাপক মোহাম্মদ হারুন-উর রশিদের সভাপতিত্বে উক্ত সেমিনারে আলোচনা করেন অধ্যাপক দানীউল হক, অধ্যাপক শফিউল আলম ও অধ্যাপক তাহমিনা আখতার।

সম্মিলিত সাংস্কৃতিক জোট কেন্দ্রীয় শহীদ মিনার ছাড়াও ধানমন্ডি লেক রবীন্দ্র সরোবর মঞ্চেও এই অনুষ্ঠানমালার আয়োজন করেছে। সরোবর মঞ্চে ১৮ ফেব্রুয়ারি বিকাল ৪টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন ভাষা সৈনিক গাজীউল হক। অনুষ্ঠানমালার মধ্যে রয়েছে সঙ্গীত, আবৃত্তি, নাটক, নৃত্য ও স্বরচিত কবিতা পাঠ।